কোটচাঁদপুর বিএনপির ১০ নেতা- কর্মী জামিনে মুক্তি

পেট্রোল বোমা ও ককটেল উদ্ধার মামলায় আদালত থেকে জামিনে মুক্তি পেলেন কোটচাঁদপুর পৌর কাউন্সিলর,ইউপি সদস্যসহ বিএনপির ১০ নেতা- কর্মী। বুধবার সকালে জেল থেকে বাড়ি ফিরেছেন তারা।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, গেল ৭ ডিসেম্বর রাতে কোটচাঁদপুর পৌর বিএনপির অফিসের পিছন থেকে ৫ টি ককটেল ও ৩ টি পেট্রোল বোমা উদ্ধার করেন স্থানীয় থানা পুলিশ।

ওই ঘটনায় কোটচাঁদপুর থানায় মামলা হয় । যার নাম্বার- ৩,তারিখ- ৭-১২-২২। এরপর থেকে স্থানীয় থানা পুলিশের হাতে গ্রেফতার হন ১২ জন নেতা-কর্মী।

ওই মামলায় মঙ্গলবার আদালত থেকে জামিনে মুক্তি পান ১০ জন নেতা- কর্মী। যার মধ্যে রয়েছেন,কোটচাঁদপুর পৌরসভার কাউন্সিলর আবু হানিফ,ভবানিপুরের সাফদার হোসেনের ছেলে হাবিবুর রহমান,গুড়পাড়া গ্রামের মৃত আব্দুর রহিম বিশ্বাসের ছেল মনিরুজ্জামান,বহিরগাছি গ্রামের মৃত মুনসুর মন্ডলের ছেলে তোয়াছ উদ্দিন,বলাবড়িয়া গ্রামের মৃত আতর আলীর ছেলে ইদ্রিস আলী খান,গোবিন্দপুর গ্রামের মৃত চাঁদ আলীর ছেলে মোয়াজ্জেম হোসেন (৫৫), পৌর এলাকার ভবানিপুর গ্রামের আবুল কাশেমের ছেলে অসিম হোসেন (৪০),উপজেলার বলাবাড়িয়া গ্রামের শাহাদাৎ কাজীর ছেলে হাদিউজ্জামান (৪০),গুড়পাড়ার রেজাউল হকের ছেলে রিপন উদ্দিন(৩৪),শিশির কুন্ডু গ্রামের মৃত নুরুল আমীন মুন্সির ছেলে গোলাম মোস্তফা ফারুক (৪২), হরিণদীয়া গ্রামের আব্দুল ফরিদ হোসেনের ছেলে ইউপি সদস্য আবুল হোসেন (৪০)।

এদিকে নেতা-কর্মীদের জামিনের খবরে জেল গেটে জড়ো হন কোটচাঁদপুর বিএনপির নেতা-কর্মীরা। এরপর জেল থেকে বের হওয়ার পর তাদেরকে ফুলের মালা দিয়ে বরণ করেন তারা।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এস কে এম সালাহউদ্দীন বুলবুল সিডল বলেন, বোমা ও ককটেল উদ্ধার মামলায় মঙ্গলবার ঝিনাইদহ জেলা দায়রা জজ কোটচাঁদপুর আদালত থেকে জামিনে মুক্তি পান ১০ জন নেতা-কর্মী। তবে কাগজ পত্রের কারনে বুধবার সকালে জেল থেকে বাড়ি ফিরেছেন তারা।

আমদহ ইউপি নির্বাচনে সম্ভাব্য চেয়ারম্যান প্রার্থী এ্যাড রাসেলের গণসংযোগ

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন নির্বাচনে সম্ভাব্য চেয়ারম্যান প্রার্থী এ্যাড আব্দুল্লাহ আল মামুন রাসেল সাধারণ ভোটারসাথে গণসংযোগ শুরু করেছেন।

মঙ্গলবার রাতে ইউনিয়নের ১ও ২ নম্বর ওয়ার্ডের রাস্তা এবং প্রতিটি দোকানে দোকানে গিয়ে গণসংযোগ করেন। এ সময় বিভিন্ন নেতাকর্মী ও ইউনিয়নের বিভিন্ন স্তরের মানুষজন উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সম্মেলন প্রস্তুতি কমিটি অনুমোদন

আরিফুল ইসলাম সোবহানকে আহবায়ক ও বারিকুল ইসলাম লিজনকে সদস্য সচিব করে ২১ সদস্য বিশিষ্ট মেহেরপুর জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের প্রস্তুতি কমিটি অনুমোদন দিয়েছে কেন্দ্র।

২১ জানুয়ারি স্বেচ্ছাসেবক লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের ভারপ্রাপ্ত সভাপতি গাজী মেজবাউল হোসেন সাচ্চু ও সাধারণ সম্পাদক আফজালুর রহমান বাবু এ প্রস্তুতি কমিটির অনুমোদন দেন। এ কমিটিকে আগামী ৩ মাসের মধ্যে কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত নেতৃবৃন্দদের সাথে সমন্বয় করে সম্মেলন সফল করতে প্রয়োজনে উপকমিটি গঠণ করারও নির্দেশনা দেওয়া হয়েছে।

বাকি সদস্যরা হলেন- কামাল হোসেন জুয়েল, শোয়েবুর রহমান, মোস্তাফিজুর রহমান চন্দন, আমিনুল ইসলাম খোকন, মিজানুর রজমান হিরন, মতিউর রহমান, জুয়েল রানা, শেখ মো: শরিফ রেজা পান্না, রাশেশদুল ইসলাম আনন্দ, তৌহিদুল ইসলাম তৌহিদ, হানিফ খান,জীবন আকবর, রেজাউল করিম, শাহরিয়ার হাসান, রবিউল ইসলাম, মোস্তাফিজুর রহমান তুহিন, শেখ সাদিক, রুবেল হোসেন, আশরাফুল ইসলাম।

চুয়াডাঙ্গায় জিয়াউর রহমানের জন্মবার্ষিকীর আলোচনা সভা ও শীতবস্ত্র বিতরন

বাংলারদেশ জাতীয়তাবাদি কৃষক দল চুয়াডাঙ্গায় জেলা শাখার আয়োজনে জিয়াউর রহমানের ৮৭ তম জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

সোমবার (২৩ জানুয়ারি) বেলা সাড়ে ৩ টার দিকে রজব আলী সুপার মার্কেটে চুয়াডাঙ্গা জেলা বিএনপির কার্যালয়ে জেলা কৃষক দলের আহ্বায়ক মোকাররম হোসেনের সভাপতিত্বে অনুাষ্ঠিত আলোচনা সভা ও শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির আহ্বায়ক কমিটির অন্যতম সদস্য খন্দকার আব্দুল জব্বার সোনা।

জেলা কৃষকদলের সদস্য সচিব ও ইউপি চেয়ারম্যান তবারক হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভা ও কম্বল বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা কৃষকদলের যুগ্ন আহ্বায়ক আরিফ হোসেন জোয়ার্দ্দার সোনা, তরিকুল আলম জোয়ার্দ্দার বিলু, জেলা সেচ্ছাসেবক দলের আহ্বায়ক শফিকুল হেলার পিটু, বিএনপি নেতা সাবেক ইউপি চেয়ারম্যান ইদ্রিস আলী।

জিয়াউর রহমানের জন্ম বার্ষিকীর আলোচনা অনুষ্ঠান শেষে শীতার্থ দুস্থ মানুষদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়।

বামন্দীতে শহিদ জিয়ার ৮৭ তম জন্মবার্ষিকীতে আলোচনা সভা

শহিদ জিয়া রাষ্ট্রপ্রতি জিয়াউর রহমানের ৮৭ তম জন্মবার্ষিকীতে আলোচনা সভা ও দোয়া মাহফিল করেছে জেলা কৃষক দল।

আজ সোমবার বিকেলে গাংনী উপজেলার বামন্দী বাজারস্থ শাওনের অফিসে এ আয়োজন করা হয়। জিয়াউর রহমানের জীবনী সম্পর্কে আলোচনা করা হয়। আলোচনা শেষে দোয়া করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, জেলা কৃষকদলের সভাপতি মাহবুবুর রহমান, গাংনী উপজেলা কৃষকদলের আহবায়ক আমিনুল বারি মোতালেব, যুগ্ন আহবায়ক আব্দুল্লাহ আল হাসান শাওন, যুগ্ন আহবায়ক আঃ মজিদ, যুগ্ন আহবায়ক আব্দুল গাফ্ফার, সাবেক গাংনী উপজেলা স্বেচ্ছাসেবক দলের সভপাতি শহিদুল ইসলাম সহ কৃষকদলের নেতাকর্মীরা।

আমদহ ইউপি নির্বাচন ১৬ মার্চ

অবশেষে দীর্ঘ প্রতিক্ষার পর মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন পরিষদের নির্বাচনের তফসীল ঘোষনা করেছে নির্বাচন কমিশন। আগামী ১৬ মার্চ নির্বাচন অনুষ্ঠিত হবে।

ঘোষিত তফসীল অনুযায়ী আগামী ১৯ ফেব্রুয়ারি মনোনয়ন পত্র দাখিলের শেষ তারিখ, ২০ ফেব্রুয়ারি বাছাই, ২৭ ফেব্রুয়ারি প্রার্থীতা প্রত্যাহারের শেষ দিন, ২৮ ফেব্রুয়ারি প্রতীক বরাদ্দের দিন ধার্য করা হয়েছে। মেহেরপুর সদর উপজেলা নির্বাচন কর্মকর্তা দোলন কান্তি চক্রবর্তীকে রিটার্নিং কর্মকর্তা হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে।

সীমানা সংক্রান্ত জটিলতায় প্রায় ১১ বছর ধরে আটকে আছে আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচন। সীমানা জটিলতা নিরসন করে ২০১৭ সালে মেহেরপুর

পৌরসভার নির্বাচন হলেও এখনও আটকে আছে আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচন। প্রায় দশ বছর ধরে চেয়ারম্যানের দায়িত্বে আছেন আনারুল ইসলাম। সর্বশেষ ২০১৭ সালে আমদহ ইউনিয়ন পরিষদ নির্বাচনের তফসিল ঘোষনার পরও নির্বাচন অনুষ্ঠিত হয়নি। আসন্ন স্থানীয় নির্বাচনকে কেন্দ্র করে সব জায়গাতেই এক প্রকার নির্বাচনি আমেজ তৈরি হলেও আমদহ ইউনিয়ন নির্বাচন নিয়ে এখনো অনিশ্চিয়তা কাটছে না।

জানা গেছে, গত ২০১১ সালের ৯ জুন আমদহ ইউনিয়ন পরিষদের নির্বাচন সম্পন্ন হয়। একই বছরের ২৮ জুলাই ওই নির্বাচনে বিজয়ী পরিষদের প্রথম সভা অনুষ্ঠিত হয়। সে অনুযায়ী ২০১৬ সালের ২৭ জুলাই এ পরিষদের মেয়াদ শেষ হয়। ওই সময় দেশের অন্য পৌরসভা ও ইউনিয়ন পরিষদে নির্বাচন হলেও সীমানা জটিলতা দেখিয়ে মেহেরপুর পৌরসভা ও আমদহ ইউনিয়ন পরিষদের নির্বাচনের তফসিল ঘোষণা স্থগিত রাখে নির্বাচন কমিশন। পরে সময়ে বিভিন্ন রাজনৈতিক দলের আন্দোলনের মুখে ২০১৭ সালের ২৫ ও ২৩ এপ্রিল আমদহ ইউপি নির্বাচনের তফসিল ঘোষণা করে নির্বাচন কমিশন। ২৫ এপ্রিল মেহেরপুর পৌরসভার নির্বাচন হলেও আমদহ ইউনিয়ন পরিষদের নির্বাচন তখন স্থগিত করা হয়।

জেলা নির্বাচন সূত্রে জানা গেছে, আমদহ ইউনিয়ন পরিষদ ও পৌরসভার মধ্যে সীমানা নির্ধারণ নিয়ে হাইকোর্টে একটি মামলা বিচারাধিন ছিলো। মামলাটি গতবছরের অক্টোবর মাসে খারিজ করে দেওয়া হলে নির্বাচনী প্রক্রিয়া শুরু হয়।

গাংনীর কাথুলী ইউনিয়নে প্রধানমন্ত্রী প্রেরিত শীতবস্ত্র বিতরণ

গাংনীর কাথুলী ইউনিয়নে অসহায় ও দুস্থ মানুষের মাঝে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ত্রাণ তহবিল থেকে শীত বস্ত্র বিতরণ করা হয়েছে।

আজ সোমবার কাথুলী ইউনিয়নের ধলা মাধ্যমিক বিদ্যালয় খেলার মাঠে

শীত বস্ত্র বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর ২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ শাহিদুজ্জামান খোকন এমপি।

এছাড়াও উপস্থিত ছিলেন ১নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, ১ নং কাথুলী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি গোলজার হোসেন,সাধারণ সম্পাদক মোজাম্মেল হক ১ নং কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান, ধলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ার হোসেন, সহ এক নম্বর কাথুলী ইউনিয়ন আওয়ামলীগের সকল সভাপতি এবং সেক্রেটারিবৃন্দ। উপস্থিত ছিলেন কাথুলী ইউনিয়নের সকল ইউপি সদস্য বৃন্দ।

এসময় মেহেরপুর ২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন প্রধান মন্ত্রী শেখ হাসিনার উন্নয়ন তুলে ধরে অসহায় দুস্ত মানুষের মাঝে ৬০০ টি কম্বল বিতরণ করেন।

গাংনীতে প্রধানমন্ত্রী প্রেরিত শীতবস্ত্র বিতরণ

মেহেরপুরের গাংনীতে দুস্থ শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে । সোমবার বেলা ১১টার দিকে গাংনীর হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় ফুটবল মাঠে ৫ শতাধিক শীতার্তকে একটি করে কম্বল বিতরণ করেন মেহেরপুর ২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

প্রধানমন্ত্রীর ত্রাণ তহহবিল থেকে প্রেরিত এসকল শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, সাহারবাটি ইউপি চেয়ারম্যান মশিউর রহমান, সাবেক ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক, আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান আতু ও গাংনী পৌরসভার কাউন্সিলর মোতালেব হোসেন, জনপ্রতিনিধি ও স্থানীয় আওয়ামীলীগ নেতাকর্মীবৃন্দ।

গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুলের গণসংযোগ

শেখ হাসিনার সরকার বার বার দরকার এই শ্লোগান কে সামনে রেখে বাংলাদেশ আওয়ামী লীগ সরকারের উন্নয়ন,সাফল্য ও নৌকায় ভোট প্রার্থনায় গাংনী উপজেলার বিভিন্ন ইউনিয়নে গণসংযোগ করেছেন গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল।

রোববার সকাল থেকে সারাদিন গাংনী উপজেলার সাহারবাটি,বামন্দী ও ধানখোলা ইউনিয়নের বিভিন্ন গ্রামে তৃণমূল পর্যায়ের মানুষ ও বাজারে বিভিন্ন ব্যবসায়ীদের সঙ্গে গনসংযোগ করেন।

এসময় তিনি আওয়ামীলীগ সরকারের বিভিন্ন উন্নয়ন মুলক কর্মকান্ড তুলে ধরেন। তিনি তার বক্তব্যে বলেন, বর্তমান সরকার মুখে নয়, কাজে বিশ্বাসী। বিগত নির্বাচনে মাননীয় প্রধানমন্ত্রী যে নির্বাচনী ওয়াদা করেছিলেন তা সিংহভাগ বাস্তবায়ন করেছেন । বাস্তবায়নকৃত কাজের মধ্যে পদ্মা সেতু, শ্রমিকদের মুজুরী বৃদ্ধি, বিনা মুল্যে শিক্ষার্থীদের হাতে বই বিতরণ, দারিদ্রতা হ্রাস, মাতৃত্বকালীন ভাতা প্রদান, ও মাতৃত্বকালীন ছুটি বৃদ্ধি, গরীব ছাত্র ছাত্রীদের উপবৃত্তি প্রদান, শিক্ষা প্রতিষ্ঠান জাতীয় করণ, শিক্ষকদের চাকুরী জাতীয় করণ, মেট্রোরেল চালু, প্রতিটি ইউনিয়নে ডিজিটাল তথ্য সেবা কেন্দ্র স্থাপন, কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে স্বাস্থ্য সেবা প্রদান। নারীর ক্ষমতায়ন, গ্রামীন রাস্তা ঘাট, কালভাট ব্রীজ নির্মান, মোবাইল ও ইন্টারনেট গ্রাহক সংখ্যা বৃদ্ধি, একটি বাড়ি একটি খামার প্রকল্প, হতদরিদ্র মানুষের জন্য গৃহনির্মান, রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র চলমান, সারা দেশে ব্যাপী বিদ্যুৎ এর ব্যাপক উন্নয়ন, কৃষিতে সফলতা, অনলাইন সেবা প্রদান,, নির্যাতিত রোহিঙ্গাদের আশ্রয় দান, বেকার যুবক ও যুবতীদের কর্মসংস্থানের সৃষ্টি করা সহ দেশের সার্বিক উন্নয়নে সাফল্য তুলে ধরেন তিনি।

এসময় আওয়ামীলীগ,যুবলীগ,ছাত্রলীগ সহ বিভিন্ন ইউনিটের নেতা

কর্মিরা উপস্থিত ছিলেন। আসন্ন আগামী জাতীয় নির্বাচনে মেহেরপুর-২ গাংনী আসনের জন্য তিনি মনোনয়ন প্রত্যাশী হিসাবে সহযোগীতা এবং আওয়ামীলীগের নৌকার পক্ষে কাজ করার জন্য সকলের প্রতি আহবান জানান।

মুজিবনগরে ভবরপাড়া গ্রামের অবকাঠামো উন্নয়ন পরিদর্শনে জনপ্রশাসন প্রতিমন্ত্রী

মুজিবনগর উপজেলার ভবরপাড়া গ্রামের অবকাঠামো উন্নয়ন পরিদর্শন ও গনসংযোগ করেছে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন তার নির্বাচনী এলাকার ভবরপাড়া অবকাঠামো উন্নয়নের জন্য পায়ে হেঁটে পুরো গ্রাম ঘুরে দেখেন এবং সাধারন জনগনের সাথে কথাকপোথন করেন।

এ সময় গ্রামের রাস্তাঘাট, ঘরবাড়িসহ বিভিন্ন সমস্যার কথা শুনে সমাধানের আশ্বাস দেন তিনি।

পরিদর্শনকালে উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ,বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মজিবার রহমান মধু, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মুস্তাকিম হক খোকন,জেলা যুবলীগের যুগ্নআহবায়ক সরফরাজ হোসেন মৃদুল, বাগোয়ান ইউনিয়নের চেয়ারম্যান আয়ূব হোসেন, বাগোয়ান ইউনিয়নের ২ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি ও ইউপি সদস্য সিবাস্তিন মল্লিক, সাধারন সম্পাদক রুহুল আমিন উপস্থিত ছিলেন।